

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৩৩৮

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১৬. দ্বিতীয় অনুচ্ছেদ - জরায়ু মুক্তকরণ বা পরিত্রকরণ

আরবী

عَنْ أَبِي سَعِيدٍ الْخَدْرِيِّ رَفِعَهُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي سَبَائِيَا أَوْطَاسٍ: «لَا تُوْطِأْ حَامِلٌ حَتَّىْ تَضَعَ وَلَا غَيْرُ ذَاتِ حَمْلٍ حَتَّىْ تَحِيْضَ حَيْضَةً». رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَافُدَ وَالْدَّارِمِيُّ

বাংলা

৩৩৩৮-[২] আবু সাউদ আল খুদরী নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর উদ্ভৃতিতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, আওতাস যুদ্ধেলক্ষ বন্দীনীদের ব্যাপারে ঘোষণা করেন, গর্ভবতীর সাথে সন্তান প্রসব না পর্যন্ত এবং ঋতুবতীর সাথে ঋতুস্বাব শেষ না হওয়া পর্যন্ত কেউ যেন সহবাস না করে। (আহমাদ, আবু দাউদ, দারিমী)[১]

ফুটনোট

[১] সহীহ : আবু দাউদ ২১৫৭, আহমাদ ১১২২৮, দারিমী ২৩৪১, ইরওয়া ১৮৭, সহীহ আল জামি' ৭৪৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীস থেকে আমরা জানতে পারি যে, গর্ভবতী দাসী অন্যের জন্য বৈধ হতে তার গর্ভ প্রসব হওয়া জরুরী। এই হাদীসের পূর্ববতী হাদীসেও আমরা বিষয়টি জেনে এসেছি। তবে দাসী যদি গর্ভবতী না হয় তবে সে অন্যের জন্য বৈধ হতে একটি হায়িয় বা ঋতুস্বাব অতিক্রম করবে। এ ক্ষেত্রে স্বাধীনা নারীর 'ইদ্দাতের সাথে বেশকম হলো, স্বাধীনা নারী গর্ভবতী না হলে 'ইদ্দত তিন হায়িয়। আর দাসী নারীর গর্ভাশয় মুক্ত কিনা এক হায়িয় দিয়ে দেখাই যথেষ্ট। মূলত একবার হায়িয় না হলেই নারী গর্ভবতী নয়- এ কথা স্পষ্ট হয়ে যায়। কিন্তু শারী'আত চূড়ান্ত সতর্কতা অবলম্বনের কারণে স্বাধীনা নারীর ক্ষেত্রে তিন হায়িয় 'ইদ্দত পালনের নির্দেশ দিয়েছে।

গর্ভবতী নয় এমন দাসীর ইসতিরা বা গর্ভাশয়মুক্ত এক হায়িয় দিয়ে দেখার বিষয়টি হাদীসে স্পষ্ট। তাই এ ব্যাপারে কোনো দ্বিমত নেই। তবে দাসী নারী যদি এমন হয় যার হায়িয় হয় না, তার ক্ষেত্রে 'উলামাদের দু'টি মত

পাওয়া যায়। একমতে একমাস অপেক্ষা করে ইসতিব্রা করবে। আরেক মতে তিন মাস। প্রথম মতটিই অধিকাংশ ‘আলিমদের মত। কেননা গর্ববতী নয় আবার হায়িয হয় না এমন নারী স্বাধীনা হলে তিন মাস ‘ইদত পালন করতে হয়।

শারী‘আত একেকটি হায়িযকে একেক মাসের স্থলে রেখেছে। অতএব হায়িযপ্রাপ্তা দাসীকে যখন এক হায়িয দিয়ে ইসতিব্রা করতে হয় তখন যার হায়িয হয় না সে একমাস দিয়ে ইসতিব্রা করবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68665>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন